

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ৪ ডিসেম্বর, ২০১৭ ২০:৪১

## ফেব্রুয়ারির মধ্যে ঢাকা উত্তর সিটি করপোরেশনে নির্বাচন

| অনলাইন ডেস্ক



আনিসুল হকের মৃত্যুতে শূন্য হওয়া ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র পদে আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে নির্বাচনের উদ্যোগ নিতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। ইতোমধ্যে মেয়র আনিসুল হকের পদটি শূন্য ঘোষণা করে গেজেট প্রকাশ করেছে স্থানীয় সরকার মন্ত্রণালয়।

গেজেটে ১ ডিসেম্বর থেকেই মেয়র পদ শূন্য ঘোষণা করা হয়েছে। তাই আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে এ সিটির মেয়র পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। সোমবার মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপ-সচিব মো. মাহমুদুল আলম স্বাক্ষরিত আসন শূন্য ঘোষণার গেজেট প্রকাশ করা হয়েছে।

উল্লেখ্য, লন্ডনে সাড়ে চার মাসেরও বেশি সময় ধরে চিকিৎসাধীন থাকার পর গত ৩০ নভেম্বর বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মেয়র আনিসুল হকের মৃত্যু হয়। তার মৃত্যুতে স্থানীয় সরকার বিভাগ শোক প্রকাশ করে সোমবার একটি গেজেটও প্রকাশ করেছে।

বিডিপ্রতিদিন/ ০৪ ডিসেম্বর, ২০১৭/ ই জাহান